**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 08–07–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, সমাজ গঠনে শিক্ষার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।**

**(২) রাজ্যে আজ প্রথম সাফল্যের সঙ্গে কিডনি প্রতিস্থাপন করা হল ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি তিন দিনের রাশিয়া ও অস্ট্রিয়া সফরে আজ সন্ধ্যায় মস্কো পৌঁছেছেন ।**

**(৪) ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের দুটি খেলায় স্বামী বিবেকানন্দ ক্লাব ও জম্পুইজলা প্লে সেন্টার জয়লাভ করেছে ।**

****************************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ আগরতলার নন্দননগরে ডনবস্কো বিদ্যালয়ের রৌপ্যজয়ন্তী অ্যানেক্স বিল্ডিং-এর উদ্বোধন করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, সমাজ গঠনে শিক্ষার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। সৌহার্দপূর্ণ ও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার ক্ষেত্রে শিক্ষার বিরাট অবদান রয়েছে। রাজ্যপাল

বিভিন্ন সামাজিক কর্মকান্ডে ডনবস্কো বিদ্যালয়ের ভূমিকার ভূয়সী প্রশংসা করেন।

তিনি বিদ্যালয়ের ছাত্রছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাদের সঙ্গে মত বিনিময় করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে ডনবস্কো স্কুলের অধ্যক্ষ ফাদার সেবাস্তেনিয়ান প্লেটে বিদ্যালয়ের লেখাপড়ার ও সামাজিক কর্মকান্ডের চিত্র তুলে ধরেন।

*******************************

**Kidney Transplant :**

রাজ্যে এই প্রথম সাফল্যের সঙ্গে কিডনি প্রতিস্থাপন শুরু হয়েছে। ত্রিপুরা সরকারি মেডিক্যাল কলেজ ও জিবিপি হাসপাতালে আজ এক যুবকের দেহে সফলভাবে কিডনি প্রতিস্থাপন করা হয়েছে। তাকে কিডনি দান করেছেন তার মা। বর্তমানে মা এবং ছেলে দুজনেই সুস্থ আছেন। আজ আগরতলা সরকারী মেডিক্যাল কলেজে এক সাংবাদিক সম্মেলনে জিবি হাসপাতালের মেডিক্যাল সুপার শংকর চক্রবর্তী একথা জানান।

মেডিক্যাল সুপার জানান, কিডনি প্রতিস্থাপনের সব ব্যয় বহন করেছে রাজ্য সরকার। তিনি জানান, রাজ্যে কিডনি প্রতিস্থাপনের কাজে কিছুদিন আগেই মনিপুরের সিজা হাসপাতালের সঙ্গে রাজ্য সরকারের পাঁচ বছরের জন্য সমঝোতাপত্র সাক্ষরিত হয়। আজ এই সফল কিডনি প্রতিস্থাপনে ছিলেন কনসালটেন্ট নেফ্রলজিস্ট Dr. Guliver পটসাংবাম-এর নেতৃত্বে মনিপুরের সিজা হাসপাতালের ১২ জনের বিশেষজ্ঞ দল। তাদের সঙ্গে ছিলেন রাজ্যের সাতজনের একটি বিশেষজ্ঞের একটি দল। জিবির মেডিক্যাল সুপার শ্রী চক্রবর্তী আরো জানান, পরবর্তী সময়ে

কারো কিডনি প্রতিস্থাপনের প্রয়োজন হলে সিজা হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকগণ আবার রাজ্যে আসবেন। নেফ্রলজিস্ট ডা: গুলিভার জানান, আজ সকাল ৯টা থেকে অস্ত্রপচার শুরু হয়। তা শেষ হয়েছে দুপুর প্রায় আড়াইটা নাগাদ। মেডিক্যাল সুপার শ্রী চক্রবর্তী জিবিপি হাসপাতালে কিডনি প্রতিস্থাপনের পরিকাঠামো গড়ে উঠায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহাকে ধন্যবাদ জানিয়েছেন।

রাজ্যে উন্নত চিকিৎসা পরিষেবার সম্প্রসারণে মুখ্যমন্ত্রী সব সময়ই সহযোগিতা করছেন বলে তিনি উল্লেখ করেন।

এদিকে, আজ মুখ্যমন্ত্রী বলেন, বর্তমান সরকারের আন্তরিক প্রচেষ্টার ফলেই কিডনি প্রতিস্থাপনের মতো গুরুত্বপূর্ণ অস্ত্রপচার রাজ্যে শুরু হয়েছে। শুধু তাই নয় রাজ্যে স্বাস্থ্য পরিষেবার উন্নয়নের ফলে এখন বহু জটিল রোগের সফল অস্ত্রোপচার সম্ভব হচ্ছে বলেও উল্লেখ করেন তিনি।

*******************************

**Secind Day-Rath Yatra :**

রথযাত্রার দ্বিতীয় দিনেও আজ জগন্নাথ ধাম পুরীতে ভক্তদের বিপুল সমাগম রয়েছে। ভগবান জগন্নাথ, বলভদ্র এবং দেবী সুভদ্রার রথ আজ সকালে গুন্ডিচা মন্দিরের উদ্দেশ্যে ফের যাত্রা শুরু করে। গতকাল সূর্যাস্তের পর রীতি অনুযায়ী রথযাত্রা বন্ধ রাখা হয়। ভগবান জগন্নাথের নন্দীঘোষ, বলভদ্রের তালধ্বজ এবং দেবী সুভদ্রার দেবদলন রথ গতকাল বিকেল ৫টার পর পুরীর মন্দির থেকে মাসির বাড়ির উদ্দেশ্যে রওনা দেয়।

সূর্য ডোবার পর গ্র্যান্ড ট্রাঙ্ক রোডে যাত্রা থামিয়ে দেওয়া হয়। ৫৩ বছর পর এবারের রথযাত্রা হচ্ছে দু'দিনের। এ জন্য রাজ্যে দু'দিনের ছুটি ঘোষণা করেছে সরকার। পবিত্র এই যাত্রা প্রত্যক্ষ করতে সারা বিশ্ব থেকে লক্ষ লক্ষ ভক্ত ভিড় জমিয়েছেন। বার্ষিক এই উৎসব শান্তিপূর্ণ রাখতে কঠোর নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে।

*******************************

**Foundation Stone Laying-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলার সেন্ট্রাল রোডস্থিত শিববাড়ী প্রাঙ্গণে অম্রুত ২.০ প্রকল্পে তিনটি জলাশয়ের সংস্কার ও সৌন্দর্যায়ন কর্মসূচির ভিত্তি প্রস্তর স্থাপন করেন। এগুলি হল সেন্ট্রাল রোড পুকুর, উজান অভয়নগর বাজার জলাশয় এবং উজান অভয়নগরের ভেটেরিনারি হাসপাতালের জলাশয়। ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, স্মার্ট সিটি প্রকল্পে আগরতলা শহরের অনেকগুলো জলাশয়ের সংস্কার ও সৌন্দর্যায়নের কাজ ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে। সরকারি উদ্যোগে যে সমস্ত জলাশয়ের সৌন্দর্যায়নের কাজ হয়েছে সেগুলিকে রক্ষণাবেক্ষণের জন্যও নাগরিকদের সচেতন থাকতে হবে। পাশাপাশি আগরতলা শহরকে পরিস্কার পরিচ্ছন্ন রাখতেও নাগরিকদের সচেতন হতে হবে।

আগরতলা পুর নিগমের কমিশনার ডা শৈলেশ কুমার যাদব বলেন, অম্রুত ২.০ প্রকল্পে এই তিনটি জলাশয়ের সংস্কার ও সৌন্দর্যায়নের কাজ করা হবে। এর মধ্যে সেন্ট্রাল রোড পুকুরের সংস্কার ও সৌন্দর্যায়নের জন্য ব্যয় হবে ২ কোটি ৭৮ লক্ষ টাকা। উজান অভয়নগর বাজার পুকুরের সংস্কার ও সৌন্দর্যায়নের জন্য ব্যয় হবে ৩ কোটি ১ লক্ষ টাকা এবং উজান অভয়নগর ভেটেরিনারি হাসপাতাল জলাশয়ের সংস্কার ও সৌন্দর্যায়নের জন্য ব্যয় হবে ২ কোটি ৪৭ লক্ষ টাকা। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন আগরতলা পুর নিগমের ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র পারিষদ হীরালাল দেবনাথ ও কর্পোরেটর রত্না দত্ত।

*************************

**PM, Russia :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি তিন দিনের সফরে রাশিয়া ও অস্ট্রিয়া আজ সন্ধ্যায় মস্কো পৌঁছেছেন। মস্কো বিমানবন্দরে তাঁকে গার্ড অব অনার জানানো হয়। প্রধানমন্ত্রী মোদীকে স্বাগত জানান রাশিয়ার প্রথম উপপ্রধানমন্ত্রী ডেনিস মান্‌টুরভ। আগামীকাল ভারত ও রাশিয়ার মধ্যে ২২তম বার্ষিক শীর্ষ সম্মেলনের সময়, প্রধানমন্ত্রী মোদী এবং রাশিয়ান রাষ্ট্রপতি ভ্‌লাদিমির পুতিন প্রতিরক্ষা, বাণিজ্য সংযোগ, বিনিয়োগ সম্পর্ক, শক্তি সহযোগিতা, শিক্ষা, সংস্কৃতি এবং জনগণের মধ্যে বিনিময় সহ দ্বিপাক্ষিক বিষয় নিয়ে বিস্তারিত পর্যালোচনা করবেন। তাঁরা পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও বৈশ্বিক উন্নয়নের বিষয়েও মত বিনিময় করবেন। উভয় নেতা ব্রিকস, সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশন, জি২০, পূর্ব এশিয়া শীর্ষ সম্মেলন এবং জাতিসংঘে দু'দেশের অবস্থাও মূল্যায়ন করবেন।

রাশিয়ার রাষ্ট্রপতি আজ সন্ধ্যায় প্রধানমন্ত্রীর জন্য একান্ত নৈশভোজের আয়োজন করেছেন। আগামীকাল প্রধানমন্ত্রী রাশিয়ায় ভারতীয় সম্প্রদায়ের সঙ্গে মতবিনিময় করবেন। এছাড়াও প্রধানমন্ত্রীর আরো কিছু কর্মসূচি রয়েছে।

*****************************

**Amarnath Yatra :**

সরকার এবছরের অমরনাথ তীর্থযাত্রীদের জন্য নির্বিঘ্ন মোবাইল সংযোগ নিশ্চিত করতে টেলিকম পরিকাঠামোর উন্নয়নে উল্লেখযোগ্য ব্যবস্থা গ্রহণ করেছে। টেলিযোগাযোগ বিভাগ পরিকাঠামো উন্নত করতে এবং নিরবচ্ছিন্ন সংযোগ প্রদানের জন্য

Airtel, BSNL এবং Reliance JIO সহ প্রধান টেলিকম পরিষেবা প্রদানকারীদের সঙ্গে সম্পূর্ণ যাত্রাপথে অংশীদারিত্ব করেছে। এই কাজে এয়ারটেল, রিলায়েন্স জিও এবং বিএসএনএল-এর ৩১টি নতুন সাইট সহ মোট ৮২টি সাইট সক্রিয় থাকবে।

এছাড়াও, যাত্রীদের জন্য টেলিকম পরিষেবার সুবিধার্থে বিভিন্ন স্থানে সিম বিতরণের ব্যবস্থা করা হয়েছে।

এদিকে, কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে বার্ষিক অমরনাথ যাত্রা নির্বিঘ্নে ও সুষ্ঠুভাবেই চলছে। আজ সকালে অমরনাথ যাত্রার দশম দিনে পুণ্যার্থীদের আরও একটি দল পবিত্র গুহার উদ্দেশ্যে রওনা হয়েছে।

******************************

**Assam Flood :**

অবিরাম বৃষ্টির ফলে অসমে বন্যা পরিস্থিতি আরো অবনতি হয়েছে। মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৬৬। অসমের ২৮টি জেলার প্রায় ২২ লক্ষ মানুষ বন্যার কবলে পড়েছেন। ৩৪০০টিরও বেশি গ্রাম প্লাবিত। এখন পর্যন্ত ৬৮ হাজার হেক্টরেরও বেশি জমির ফসলের ক্ষতি হয়েছে। ব্রহ্মপুত্র, বরাক এবং তাদের সব শাখা নদী বিপদসীমার ওপর দিয়ে বইছে। ৫৩ হাজার মানুষ ২৬৯টি ত্রাণ শিবিরে আশ্রয় নিয়েছেন। রাজ্য সরকার ৩৬১টি ত্রাণ বিতরণ কেন্দ্র খুলেছে।

******************************

**Law Awareness-South :**

নতুন তিনটি ফৌজদারি আইন-ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ও ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম আইনের উদ্দেশ্য ও বিভিন্ন দিকগুলি নিয়ে আজ বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজের রাষ্ট্র বিজ্ঞান বিভাগ এবং জাতীয় সেবা প্রকল্প শাখার যৌথ উদ্যোগে এক সচেতনতামূলক আলোচনা চক্র অনুষ্ঠিত হয়। আলোচনা চক্রে বক্তব্য রাখেন দক্ষিন জেলা দায়রা আদালতের পাবলিক প্রসিকিউটর আইনজীবী সুব্রত ভট্টাচার্য, কলেজের অধ্যক্ষ ড. মনোরঞ্জন দাস, রাষ্ট্রবিজ্ঞানের বিভাগীয় প্রধান অধ্যাপক মনিষ প্রসাদ, জাতীয় সেবা প্রকল্পের বিলোনিয়া কলেজ শাখার অফিসার অধ্যাপক অভিজিৎ চৌধুরী। আইনি সচেতনতা শিবিরে ছাত্রছাত্রী এন.এস.এস স্বেচ্ছাসেবক ও কলেজের শিক্ষকরা অংশ নেন।

*****************************

**3 law report-West :**

নতুন তিন আইনের উপর সচেতনতা গড়ে তুলতে পশ্চিম ত্রিপুরা জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে আজ মান্দাই ব্লকের অন্তর্গত পাটনী এডিসি ভিলেজে আইনি সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে পশ্চিম ত্রিপুরা জেলা আইনসেবা কর্তৃপক্ষের পক্ষ থেকে আইনজীবী ভবতোষ দেবনাথ, পাটনী আউট পোষ্টের ওসি নিধিরাম রিয়াং এবং আইনি স্বেচ্ছা সেবক রাজীব কুমার পাল আলোচনা করেন।

**************************

**Press Meet of S.P :**

ঊনকোটি জেলাতে মহিলা সংক্রান্ত অপরাধ রুখতে পুলিশ প্রশাসন যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করছে বলে জানিয়েছেন, ঊনকোটি জেলার পুলিশ সুপার কান্তা জানগির। আজ সন্ধ্যায় কৈলাশহর মহিলা থানাতে আহুত এক সাংবাদিক সম্মেলনে তিনি জানান, গতকাল এক উনিশ বছরের যুবতী অপহরণ মামলায় দু'জনকে গ্রেপ্তার করা হয়েছে এবং যুবতীকে উদ্ধার করা হয়েছে। চুরি-ছিনতাই প্রতিরোধে আইনানুগ ব্যবস্থা নিচ্ছে পুলিশ। জনগণের সঙ্গে পুলিশের সম্পর্ক নিবিড় করতে "প্রয়াস" কর্মসূচি নিয়মিতভাবে করা হচ্ছে বলে জানান তিনি। আজকের সাংবাদিক সম্মেলনে অতিরিক্ত পুলিশ সুপার ভি দারলং ও উপস্থিত ছিলেন।

*************************

**Union Minister :**

দুই দিনের সফরে কেন্দ্রীয় পর্যটন, পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের প্রতিমন্ত্রী সুরেশ গোপী আগামীকাল রাজ্যে আসবেন। আগামীকাল আগরতলার সরকারী অতিথিশালায় কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে বৈঠক করবেন রাজ্যের পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী।

****************************

**Panchayet Election :**

রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী আজ জানিয়েছেন, রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের দিনক্ষণ চলতি সপ্তাহেই ঘোষণা করা হবে। তিনি আরো জানান, এবারের পঞ্চায়েত নির্বাচন হবে ব্যালট পেপারে। এই নির্বাচনে রাজ্যের ৩৫টি ব্লকে ৩৫ জন পর্যবেক্ষক নিযুক্ত করা হবে।

*********************************

**MSP-Khowai :**

খাদ্য দপ্তরের উদ্যোগে ও কৃষি দপ্তরের সহযোগিতায় আজ থেকে খোয়াই মহকুমায় কৃষকদের কাছে থেকে সরকারি সহায়ক মূল্যে ধান ক্রয় শুরু হয়েছে। এ উপলক্ষ্যে অফিসটিলা খাদ্য গুদামের পাশে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত খোয়াই জিলা পরিষদের সভাধিপতি জয়দেব দেববর্মা বলেন, প্রতি কেজি ২১ টাকা ৮৩ পয়সা দরে কৃষকরা প্রথম দিনে প্রায় ১০০ মেট্রিক টন ধান বিক্রি করেছেন। ধান ক্রয়ের সময়সীমা তিন দিন থেকে বাড়িয়ে দশ দিন করা সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে শ্রী দেববর্মা জানান।

****************************

**BJP-UNAKOTI :**

B.J.P'র উদ্যোগে আসন্ন ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে আজ ঊনকোটি জেলার ফটিকরায় বিধানসভা কেন্দ্রের অধীন বিলাসপুরে এক বৈঠক অনুষ্ঠিত হয়। এখানে দলীয় সাংগঠনিক বিষয়ে আলোচনা ও মতবিনিময় করা হয়। আজকের বৈঠকে উপস্থিত ছিলেন, মৎস্য ও প্রাণিসম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস সহ দলীয় নেতৃত্বরা।

*************************

**Congress Deputation :**

অসংগঠিত ক্ষেত্রে শ্রমিকদের স্বার্থ সংশ্লিষ্ট ৯ দফা দাবিতে আজ অল ত্রিপুরা আন অর্গানাইজড ওয়ার্কার্স কংগ্রেসের পক্ষ থেকে শ্রম দপ্তরে ডেপুটেশন প্রদান করা হয়। উল্লেখ্যযোগ্য দাবিগুলি হল অসংগঠিত শ্রমিকদের শ্রম কার্ড প্রদান, শ্রমিকদের ৬০ বছর হলে ভাতা প্রদান করা।

*****************************

**City Congress :**

সিটি কংগ্রেসের উদ্দোগে আজ কৈলাশহর কংগ্রেস ভবনে এক বৈঠক অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন, বিধায়ক বীরজিৎ সিংহ, পি,সি,সি সদস্য রুদ্রেন্দু ভট্টাচার্য, ব্লক কংগ্রেস সভাপতি আশিস সেনগুপ্ত প্রমুখ। কৈলাশহর শহর এলাকায় জলনিকাশী ব্যবস্থার উন্নতিসাধন, সব রাস্তায় স্ট্রীট লাইটের ব্যবস্থা করার দাবি করা হয়।

**********************************

**Third Division League :**

ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজ অনুষ্ঠিত দুটি খেলায় স্বামী বিবেকানন্দ ক্লাব ও জম্পুইজলা প্লে সেন্টার জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় স্বামী বিবেকানন্দ ক্লাব ১১-০ গোলে সবুজ সংঘকে হারিয়ে দেয়। একই মাঠে অপর খেলায় জম্পুইজলা প্লে সেন্টার ৮-০ গোলে কেশব সংঘকে পরাজিত করে।

*******************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ দশমিক ৫ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ দশমিক এক ডিগ্রী সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব

জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

************************************